Total No. of Printed Pages—4

# 3 SEM TDC BNL (CBCS) MIL 301 (A/C)

## 2024

( Nov/Dec )

## BENGALI

( Modern Indian Language )

( For Arts and Commerce )

Paper : MIL–301

( বাংলা সাহিত্যের আভাস )

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### প্রথম একক

( কাব্য )

১। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) কবি কাকে 'কল্পনা' কাব্যটি উৎসর্গ করেছিলেন?

(খ) 'কল্পনা' কাব্যগ্রন্থের প্রথম কবিতা কোনটি?

(গ) 'স্বপ্ন' কবিতায় কবি প্রিয়তমার খোঁজে কোন্ নদীর উল্লেখ করেছেন?

(ঘ) 'বৈশাখ' কবিতাটির রচনাকাল কত?

২। সংক্ষেপে লেখ ( যে কোনো একটি) : ৫

(ক) 'দুঃসময়' কবিতার মূল ভাবটি ব্যক্ত কর।

(খ) 'বৈশাখ' কবিতায় উদ্ভাসিত কবির ভাবনাটি সংক্ষেপে আলোচনা কর।

৩। 'স্বপ্ন' কবিতার সারমর্ম বিশ্লেষণ কর। ১১

*অথবা*

"মানব ও প্রকৃতির সৌন্দর্য এবং জীবনে ভোগ ও ত্যাগের অন্তর্দ্বন্দ্ব প্রকাশ পেয়েছে 'কল্পনা' কাব্যের কবিতায়—তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে উক্তিটির সত্যতা নিরূপণ কর।

## দ্বিতীয় একক

## ( ছোটগল্প )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) মহাদেব ঠাকুরের কাছে মানত করে কে লটারীতে টাকা পেয়েছে?

(খ) বনফুলের 'ছোটলোক' গল্পটিকে শ্লেষধর্মী গল্প বলা যায় কি?

(গ) শ্রীপতি সামন্তের পিতার নাম কী ছিল?

(ঘ) বনফুলের মূল পেশা কী ছিল?

৫। সংক্ষেপে লেখ : ৫

(ক) 'ছোটলোক' গল্প অবলম্বনে রাঘব সরকারের চরিত্রটি বর্ণনা কর।

*অথবা*

(খ) 'জাগ্রত দেবতা' গল্পে বর্ণিত মহাদেবের মাহাত্ম্যের কথা আলোচনা কর।





৬। 'বিরজুর মা' গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর। ১১

*অথবা*

'স্মৃতি' গল্পে গল্পকার স্টেশন মাস্টারের চরিত্রটি যেভাবে স্মৃতির পাত্র থেকে উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।

## তৃতীয় একক

## ( উপন্যাস )

৭। এককথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'দত্তা' উপন্যাসটি কখন রচিত হয়?

(খ) নরেন বা নরেন্দ্র মুখুয্যে কে?

(গ) বিজয়ার সঙ্গে নরেনের প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল?

(ঘ) কানাই সিং কে?

৮। সংক্ষেপে লেখ : ৫

(ক) 'দত্তা' উপন্যাসের অনুসরণে রাসবিহারী চরিত্রটি বিশ্লেষণ কর।

*অথবা*

(খ) 'দত্তা' উপন্যাসের নামকরণ কতটুকু সার্থক, আলোচনা কর।

৯। " 'দত্তা' উপন্যাসটির কাহিনীর কেন্দ্রে রয়েছে নরেন্দ্র ও বিজয়ার প্রেম।" উপন্যাসের অনুসরণে মন্তব্যটির সত্যতা বিচার কর। ১১

*অথবা*

'দত্তা' উপন্যাস অবলম্বনে বিলাসবিহারী চরিত্রটি আলোচনা কর।

## চতুর্থ একক

## ( নাটক )

১০। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বিসর্জন' নাটকের কাহিনী কোথা থেকে গৃহীত হয়েছে?

(খ) জয়সিংহ কে?

(গ) "সত্য ক'রে বলি বৎস, তবে, তোরে আমি ভালবাসি প্রাণের অধিক—পালিয়াছি শিশুকাল হ'তে ...।" কার উক্তি?

(ঘ) গোবিন্দমাণিক্যের স্ত্রীর নাম কী ছিল?

১১। সংক্ষেপে উত্তর দাও : ৫

(ক) 'বিসর্জন' নাটক অবলম্বনে নক্ষত্ররায়ের চরিত্রটি তুলে ধর।

*অথবা*

(খ) নাটকের অনুসরণে রাজা গোবিন্দমাণিক্যের চরিত্রটি আলোচনা কর।

১২। " 'বিসর্জন' নাটকে বারবার দুটি ভাবের মধ্যে বিরোধ বেধেছে—প্রেম আর প্রতাপ—রঘুপতির প্রভুত্বের ইচ্ছার সঙ্গে গোবিন্দমাণিক্যের প্রেমের শক্তির দ্বন্দ্ব বেধেছে।" নাটক অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর। ১১

*অথবা*

'বিসর্জন' নাটকের অনুসরণে রঘুপতির চরিত্রটি বিশ্লেষণ কর।

★★★